



তারিখঃ ১৫.০৬.২০২১

অ্যাডভোকেট আবদুল মতিন খসরু, এমপি'র স্মরণে প্রকাশিতব্য স্মারকগ্রন্থে লেখা আহ্বান

মহোদয়,

সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কুমিল্লা পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করবেন।

বাংলাদেশের কিংবদন্তী রাজনীতিবিদ, প্রখ্যাত আইনজীবী, বাংলাদেশ সরকারের সাবেক সফল আইনমন্ত্রী, বাংলাদেশ আওয়ামীলীগের প্রেসিডিয়াম সদস্য, বাংলাদেশ সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশনের সভাপতি, সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি অ্যাডভোকেট আবদুল মতিন খসরু, এমপি মহোদয় গত ১৪ এপ্রিল, ২০২১ তারিখে করোনাভাইরাস পরবর্তী জটিলতায় ইন্তেকাল করেন (ইন্নািল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে দেশের আইন, রাজনীতি, শিক্ষাসহ সকল অঙ্গন এক অপূরণীয় ক্ষতির সম্মুখীন হয়েছে। মহান সৃষ্টিকর্তার নিকট তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করি।

বর্ষীয়ান এই রাজনীতিবিদকে স্মরণে রাখার জন্য সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় মরহুম আবদুল মতিন খসরু স্মরণে একটি স্মারকগ্রন্থ প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। মরহুম আবদুল মতিন খসরু'র স্মরণে প্রকাশিতব্য স্মারকগ্রন্থে আপনার লেখা আহ্বান করছি। আপনি আবদুল মতিন খসরু মহোদয়ের ঘনিষ্ঠজন হিসেবে অনেক স্মৃতি রয়েছে তাঁর সঙ্গে। সেই স্মৃতির কিছু অংশ আমাদের স্মারকগ্রন্থে উপস্থাপন করলে তা অনেকাংশে পরিপূর্ণতা পাবে।

সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এই উদ্যোগকে সফল করতে আপনার সহযোগিতা আমাদের কাম্য। স্মারকগ্রন্থে লেখা প্রকাশের জন্য আগামী ২৫ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে নিম্নে উল্লিখিত ই-মেইল ঠিকানায় আপনার লেখার সফট কপি প্রেরণের জন্য সর্বিনয় অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে-

(অধ্যাপক ড. আলী হোসেন চৌধুরী)

ট্রেজারার, সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সম্পাদক, আবদুল মতিন খসরু স্মারকগ্রন্থ

লেখা পাঠানোর ই-মেইল ঠিকানা

iicsiam2016@gmail.com

বিঃদ্রঃ লেখাটি SutonnyMJ ফন্টে প্রেরণের অনুরোধ জানাচ্ছি।